

## 🖪 মারইয়াম | Maryam | مُرْيَم

আয়াতঃ ১৯: ৯১

💵 আরবি মূল আয়াত:

## أَن دَعُوا لِلرَّحمٰنِ وَلَدًا ﴿٩١﴾

## 

কারণ তারা পরম করুণাময়ের সন্তান আছে বলে দাবী করে। — আল-বায়ান কারণ তারা দয়াময়ের প্রতি সন্তান আরোপ করে। — তাইসিরুল যেহেতু তারা দয়াময়ের উপর সন্তান আরোপ করে। — মুজিবুর রহমান

That they attribute to the Most Merciful a son. — Sahih International

- ৯১. এ জন্যে যে, তারা দয়াময়ের প্রতি সন্তান আরোপ করে।(১)
  - (১) আলোচ্য আয়াতসমূহে বর্ণিত হয়েছে যে, আল্লাহ তাআলার সাথে কাউকে শরীক করলে বিশেষতঃ আল্লাহর জন্য সন্তান সাব্যস্ত করলে পৃথিবী, পাহাড় ইত্যাদি ভীষণরূপে অস্থির ও ভীত হয়ে পড়ে। হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "খারাপ কথা শোনার পর মহান আল্লাহর চেয়ে বেশী ধৈর্য-সহনশীল আর কেউ নেই, তাঁর সাথে শরীক করা হয়, তাঁর জন্য সন্তান সাব্যস্ত করা হয় তারপরও তিনি তাদেরকে নিরাপদ রাখেন এবং তাদেরকে জীবিকা প্রদান করেন। বুখারী: ৬০৯৯, মুসলিম: ২৮০৪]

তাফসীরে জাকারিয়া

(৯১) যেহেতু তারা পরম দয়াময়ের প্রতি সন্তান আরোপ করে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2341

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন